গাংনী সীমান্তে রাস্তার কাজে বিএসএফের বাধা

মেহেরপুরের গাংনী সীমান্তে হেরিংবোন রাস্তার নির্মাণকাজে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) বিরুদ্ধে।

রোববার দুপুর ১২টার দিকে কাজীপুর সীমান্তের আন্তর্জাতিক সীমান্ত পিলার ৭ এস এলাকার আট কবর যাওয়ার সড়কে হেরিংবোন রাস্তার কাজ চলাকালে ভারতের নদীয়া জেলার গান্ধীনা বিএসএফ ক্যাম্পের তিন সদস্য এসে কাজে বাধা দেন বলে অভিযোগ করা হয়।

স্থানীয় ইউপি সদস্য মো. আজিজুল ইসলাম বলেন, কাজীপুর বিজিবি ক্যাম্প থেকে সীমান্তের আট কবর পর্যন্ত মাটির রাস্তা দিয়ে কৃষিপণ্য পরিবহন এবং সাধারণ মানুষের চলাচলে দীর্ঘদিন ধরে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। জেলা পরিষদের অর্থায়নে রাস্তাটি হেরিংবোন করা হচ্ছে। কিন্তু কাজ চলাকালে বিএসএফের কয়েকজন সদস্য এসে বাধা প্রদান করেন।

কাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আলম হুসাইন বলেন, সীমান্তবর্তী এলাকা হওয়ায় যতবার এই রাস্তা হেরিংবোন করার উদ্যোগ নেওয়া হয়েছে, ততবারই বিএসএফ বাধা দিয়েছে।

তিনি আরও বলেন, স্বাধীনতা দিবস ও বিজয় দিবস উপলক্ষে প্রশাসনের পক্ষ থেকে আট কবরে শ্রদ্ধা নিবেদন করা হয়। তাই ওই সড়কটি উন্নয়ন করা অত্যন্ত জরুরি।

এ বিষয়ে কাজীপুর কোম্পানি কমান্ডার সুবেদার মিজানুর রহমান বলেন, বিএসএফের বাধা দেওয়ার বিষয়টি তার জানা নেই।

অন্যদিকে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাশেদ কামাল রনি (এসইউপি, পিএসসি, জি) বলেন, সীমান্তের ১৫০ গজের মধ্যে কোনো স্থাপনা নির্মাণ করতে হলে উভয় দেশের প্রতিনিধিদের আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নিতে হয়।

তিনি জানান, হেরিংবোন রাস্তা নির্মাণের বিষয়টি সমাধানের লক্ষ্যে বিজিবির পক্ষ থেকে বিএসএফকে পতাকা বৈঠকের আহ্বান জানানোর

কার্যক্রম চলছে। তবে রাস্তা নির্মাণকাজে বিএসএফ বাধা দিয়েছে এ অভিযোগ সঠিক নয় বলে তিনি মন্তব্য করেন।